

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৪৭

পর্ব-৯: দু'আ (তা وکتاب الدعوات)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِن أَسْرَعَ الدُّعَاءِ إِجَابَةً دَعْوَةُ غَائِبٍ لِغَائِبٍ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَأَبُو دَاوُد

বাংলা

২২৪৭-[২৫] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অনুপস্থিত লোকের জন্য অনুপস্থিত লোকের দু'আ খুব তাড়াতাড়ি কবূল হয়। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আবূ দাউদ ১৫৩৫, তিরমিয়ী ১৯৮০, ইবনু আবী শায়বাহ্ ২৯১৫৯, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৪, য'ঈফ আত্ তারগীব ১৮২৩, য'ঈফ আল জামি' ৮৪১। কারণ এর সানাদে 'আবদুর রহমান ইবনু যিয়াদ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (دَعُوةُ غَائِبٍ لِغَائِبٍ) অনুপস্থিত ব্যক্তির জন্য দু'আ দ্রুত কবূলের যে কথা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তার অর্থ হলো,

- ১. দু'আকারী যার জন্য দু'আ করছেন তিনি তার সামনে বিদ্যমান নেই।
- ২. সামনে আছেন কিন্তু দু'আকারী তাকে শুনিয়ে নয়, বরং নিঃশব্দে মনে মনে তার জন্য দু'আ করছেন। এটা বেশি কবুলের দাবীদার কারণ হলো এতে করে বেশি একনিষ্ঠতার প্রমাণ হয়।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন